১৭৭

ভোরের কাগজ

তারিখ ... JUL 19 1999 ...
পৃষ্ঠা ১০ কলাম ২

# হাজি দানেশ কৃষি কলেজে ছাত্রধর্মঘট অব্যাহত

দিনাজপুর প্রতিনিধি : ছাত্রবেতন অস্বাভাবিক হারে বৃদ্ধির প্রতিবাদে হাজি দানেশ কৃষি কলেজে গত ১৩ জুলাই থেকে শুরু হওয়া ছাত্রধর্মঘট অব্যাহত রয়েছে।

গত শনিবার বিকালে দিনাজপুর প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ ছাত্রলীগ কৃষি কলেজ শাখার নেতৃবৃন্দ কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ এনে বলেন, কোনো কারণ ছাড়াই কর্তৃপক্ষ বেতন ও ফি অস্বাভাবিক হারে বৃদ্ধি করেছে।

কলেজ কর্তৃপক্ষ বাৎসরিক বেতন ২৬৫ টাকার স্থলে ১ হাজার ৩৩০ টাকা, পরীক্ষার ফি ১৪০ টাকার স্থলে ৭৮০ টাকা এবং আবাসিক ছাত্রদের হল সংক্রান্ত ফি এবং ভর্তি বাবদ ৪২০ টাকার স্থলে ১ হাজার ৪৫৬ টাকা করেছে বলে নেতৃবৃন্দ জানান।

কলেজ কর্তৃপক্ষ টাকার রশিদে কোনো খাত উল্লেখ না করেই এই অতিরিক্ত অর্থ নিচ্ছে বলে অভিযোগ করে নেতৃবৃন্দ অবিলম্বে পূর্বের বেতন ও ফি পুনর্বহালের দাবি জানান।